# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : college@dinajpureducationboard.gov.bd

**স্মারক নং- ৪/কল/রং/৭৬/৮১৭৩** **তারিখ: ২৭/০৪/২০২৬ খ্রি.**

**বিষয় : স্বীকৃতি নবায়ন প্রসঙ্গে।**

এতদ্বারা নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয় সমূহসহ **নীলফামারী** জেলার **সদর** উপজেলাধীন **নীলফামারী সরকারি মহিলা কলেজ, নীলফামারী** এর অস্থায়ী স্বীকৃতির সময়সীমা ০১/০৭/২০২৬ তারিখ হতে ৩০/০৬/২০২৯ পর্যন্ত মোট ০৩ (তিন) বছরের জন্য বৃদ্ধি করেছেন।

**শাখাসমূহ :**

**১। মানবিক, ২। বিজ্ঞান, ৩। ব্যবসায় শিক্ষা।**

**আবশ্যিক বিষয় :**
(১) **বাংলা**
(২) **ইংরেজি**
(৩) **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি**

**নৈর্বাচনিক বিষয় :**

(ক) মানবিক শাখা :
১। অর্থনীতি।
২। পৌরনীতি ও সুশাসন।
৩। যুক্তিবিদ্যা।
৪। ইতিহাস।
৫। উচ্চতর গণিত।

(খ) বিজ্ঞান শাখা ঃ
১। পদার্থবিজ্ঞান।
২। রসায়ন।
৩। জীববিজ্ঞান।
৪। উচ্চতর গণিত।

(গ) ব্যবসায় শিক্ষা শাখা ঃ
১। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা।
২। হিসাববিজ্ঞান।
৩। ফিন্যান্স ব্যাংকিং ও বিমা।
৪। অর্থনীতি।

**শর্তসমূহ :**

১। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।
২। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সব সময় জমা রাখতে হবে।
৩। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শাঃ.৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)- শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষন পদ্ধতি "নির্দেশিকা" অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষন করতে হবে

চলমান পাতা-২

৪। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিষ্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে ।

৫। কলেজের জন্য নিয়মিত গভর্ণিং বডি গঠন করে যথাসময়ের মধ্যে গভর্ণিং বডির সদস্যদের নামের তালিকা অনুমোদনের জন্য বোর্ডে পাঠাতে হবে (অধ্যক্ষের মাধ্যমে)।

৬। উল্লেখ্য, প্রতি পঞ্জিকাবর্ষের প্রতি ৩ (তিন) মাসে গভর্ণিং বডির ন্যূনতম একটি সভা অনুষ্ঠানসহ প্রবিধানমালা, ২০০৯ এর অন্যান্য সকল শর্ত পূরণ নিশ্চিত করতে হবে।

৭। প্রতি বিষয়ে কমপক্ষে ২৫ জন করে ছাত্র-ছাত্রী ভর্তি করতে হবে।

৮। গবেষণাগার ও গ্রন্থাগার স্থাপন সহ প্রয়োজনীয় সংখ্যক যন্ত্রপাতি ও বই পুস্তকের সংখ্যা থাকতে হবে।

৯। উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল আরও ভাল করতে হবে।

১০। অধ্যক্ষ ও শিক্ষক সারণী বোর্ড অফিস কক্ষে প্রদর্শন করতে হবে।

১১। অফিস কক্ষে চলতি সেশনের সকল শ্রেণীর ছাত্র-ছাত্রীর সংখ্যা এবং বিগত তিন বছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফলের তালিকা সারণী বোর্ডে উল্লেখ থাকতে হবে।

১২। কলেজের পরবর্তী অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবেঃ

ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট

খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট

গ) অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির ফি বাবদ ৮,০০০/- (আট হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকূলে ব্যাংক ড্রাফট সহ প্রয়োজনীয় কাগজপত্র চলতি স্বীকৃতির সময়সীমা শেষ হওয়ার ৪ মাস পূর্বে জমা দিতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২৭/০৪/২৬

(প্রফেসর মোঃ আমিনুল হক)
কলেজ পরিদর্শক (অঃদাঃ)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

২৭/৪/২৬

**তারিখ: ২৭/০৪/২০২৬ খ্রি.**

অধ্যক্ষ,
**নীলফামারী সরকারি মহিলা কলেজ**
ডাকঘর : **নীলফামারী**
উপজেলা : **সদর, জেলা : নীলফামারী।**

**স্মারক নং- ৪/কল/রং/৭৬/৮১৭৩**

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :**

১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, বাংলাদেশ।
২। জেলা প্রশাসক, **নীলফামারী।**
৩। উপজেলা নির্বাহী অফিসার, **সদর, নীলফামারী।**
৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, **সদর, নীলফামারী।**
৫। ওয়েব সাইট কপি।
৬। অফিস কপি।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২৭/০৪/২৬

(প্রফেসর মোঃ আমিনুল হক)
কলেজ পরিদর্শক (অঃদাঃ)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

**জরুরী ভিত্তিতে ইন্টারেক্টিভ ওয়েব সাইট খুলুন এবং প্রতিদিন অত্র বোর্ডের ওয়েব সাইট দেখুন।**